Sraban 26, 1424 Bangla, August 10, 2017, Thursday, No. 220, 47th year

H I G H L I G H T S

ECNEC okays 11 projects at cost of over Tk. 97 billion including a plan for re-excavation, expansion & development of canals to mitigate water logging crisis in Chittagong. (R. Today: 8)

Transport minister directs authorities concerned to revamp all highways in country within 10 days - says, these highways will be fully active before Eid-ul-Azha. (BBC: 3)

Law Commission Chairman strongly criticizes SC verdict in case over 16 constitutional amendment terming it irrelevant - adds, the court made its observations overlooking main issue of the case. (R. Today: 9)

BNP alleges, govt. takes judiciary as its opponent following release of full verdict in 16th amendment to Constitution - terming it 'historic document' he says, people's opinion was reflected in SC's observations. (R. Today: 8)

Bangladesh Airlines has lost Tk. 40 crore of revenue earnings following cancellation of hajj flights. (R ABC: 7)

HC grants permanent bail to BNP chief in Zia Orphanage Trust corruption case. (R. Today: 8)

40 female students of Noakhali Nursing Institute have fallen ill after eating dinner at dormitory last night - a 3-member probe committee has been formed over the incident. (R. Today: 8)

An indefinite bus strike in 6 districts of country's southern area to meet their 2-point demand continues. (R. Today: 9)

4 suspected robbers have been beaten to death by angry mobs at Subarnachar upazila of Noakhali. (R. Today: 9)

6 people were killed when a train hit a battery-run auto-rickshaw at Chandra rail crossing in Jamalpur. (R. Today: 10)

UN's migration agency says, 29 teenage migrants were deliberately drowned by a people smuggler in Yemen. (BBC: 2)

A 7.0 magnitude earthquake has killed 19 people & injured 247 in China's southwestern province of Sichuan. (BBC: 2)

BBC

NORTH KOREA RISKS END OF REGIME: US

US Defence Secretary Jim Mattis has told North Korea to avoid actions that could usher in the end of its regime and the destruction of its people. The Pentagon Chief also said Pyongyang would be grossly overmatched in a war against the US and its allies. His stark warning comes a day after President Donald Trump threatened North Korea with fire and fury. (BBC : 0600 hrs. 10/08/17 Faruk/Nargis)

MYSTERY AS US EXPELS TWO CUBAN DIPLOMATS

Washington has expelled two Cuban diplomats after US embassy staff in Havana suffered mysterious physical symtoms, the US state department said. It was not immediately clear what had happened with spokesman Heather Nauert saying there were no definitive answers about the source of cause. (BBC : 0600 hrs.10/08/17Faruk/Nargis)

SMUGGLER BLAMED FOR MASS DROWNING, 29 DIED IN YEMEN

At least 29 teenage migrants were deliberately drowned by a people smuggles in Yemen, the UN's migration agency says. They were among 120 people who were deliberately pushed from a boat into the sea by the smuggler who apparently feared arrest. Some 27 survivors were found on a beach by the International Organisation for Migration (IOM) on a routine patrol.(BBC : 0600 hrs. 10/08/17Faruk/Nargis)

NORTH KOREA CONSIDERS STRIKE ON US BASE

North Korea has said it is considering carrying out missile strikes on the US Pacific territory of Guam. The North's official's news agency said on Tuesday the plan involved firing medium-to-long range rockets at Guam, where US strategic bombers are based. US Secretary of State Rex Tillerson, flying into Guam, said there was no imminent threat from North Korea.(BBC : 2200+2300 hrs.09/08/17Faruk/Nargis)

VENEZUELA CREATES TRUTH COMMISSION

Venezuela's controversial constituent assembly has passed a law creating a truth commission. The head of the assembly said the law was a powerful instrument to stifle violence, hatred and intolerance. More than 120 people have been killed in the violence since anti-government protests began sweeping through the country on 1 April.
(BBC : 2200+2300 hrs. 09/08/17Faruk/Nargis)

6 RED-CROSS VOLUNTEERS KILLED IN CAR

Six Red Cross volunteers were killed in an attack on a health centre in southeast Central African Republic on 3 August, the aid organisation has said. Civilians and medical staff may also have been killed. Affiliate organisation the IFRC condemned the attack in a tweet.(BBC: 2200+2300 hrs. 09/08/17Faruk/Nargis)

AT LEAST 19 DEAD IN CHINESE EARTHQUAKE

A 7.0 magnitude earthquake has killed at least 19 people and injured 247 in China's southwestern province of Sichuan. Six tourists are thought to be among the dead with up to 45,000 people evacuated from the area. A separate 6.6 magnitude tremor struck the remote area of Xinjiang, injuring 32 people. (BBC:2200+2300 hrs.09/08/17Faruk/Nargis)

ROUHANI APPOINTS FEMALE VICE PRESIDENTS

Iran President Hassan Rouhani has appointed three women as vice-presidents and one as a civil rights assistant following criticism of his all male cabinet. Iran's 12 Vice-Presidents run organisations linked to the presidency. There has been only one female cabinet member since Iran's Islamic Revolution in 1979.
(BBC : 2200+2300 hrs. 09/08/17Faruk/Nargis)

CRUSH KILLS US COUPLE DAY AFTER WEDDING

A teenage couple has died less than a day after being pronounced husband and wife by a judge in Kansas. Rebekah and Austin Wesson, both 19, were killed after their pickup truck severed off a dirt road on Saturday near the bride's family home. Instead of a formal wedding ceremony in September, the couple's families are now planning a joint funeral.
(BBC : 2200+2300 hrs. 09/08/17Faruk/Nargis)

IRAN TO HANG 27 FOR IS MASSACRE
An Iraqi court has sentenced to death 27 men for their involvement in the massacre of up to 1,700 soldiers by so-called Islamic State (IS) in June 2014. Twenty-five suspects were released because of a lack of evidence. It is the latest batch of death sentences passed in connection with the killings 36 men were hanged a year ago for their part in the massacre.
(BBC : 2200+2300 hrs. 09/08/17 Faruk/Nargis)

বেহাল মহাসড়কগুলো দশ দিনের মধ্যে সংস্কারের নির্দেশ দিয়েছেন সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী

বাংলাদেশে বৃষ্টিতে বেহাল মহাসড়কগুলো আগামী ১০ দিনের মধ্যে সংস্কার করার নির্দেশ দিয়েছেন সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। তিনি বলেছেন যে ঈদের আগেই এসব রাস্তাগুলো পুরোপুরি সচল হয়ে যাবে। কিন্তু বিশেষজ্ঞরা বলছেন যে মন্ত্রীর এই নির্দেশ টেকসই কোন সমাধান নয়। ঢাকা থেকে কাদির কল্লোল:

সড়ক পরিবহন এবং সেতুমন্ত্রী ওবায়দুল কাদের ঢাকা-বগুড়া মহাসড়ক পরিদর্শনে গিয়েছিলেন। সিরাজগঞ্জ এলাকায় মহাসড়কের বেহাল দশা দেখে সেটা সংস্কার না করায় স্থানীয় প্রকৌশলীকে মন্ত্রী তাৎক্ষণিকভাবে প্রত্যাহারের নির্দেশ দিয়েছেন। মন্ত্রী ওবায়দুল কাদের সেখানে নিজে সাংবাদিকদের বলেছেন, মহাসড়ক ক্ষতিগ্রস্ত হওয়ায় বগুড়া থেকে ঢাকা যেতে সাড়ে ৪ ঘণ্টার জায়গায় এখন দ্বিগুন সময় লাগছে। মন্ত্রী দেশের সব মহাসড়ক ১০ দিনের মধ্যে সংস্কার করে সচল করার নির্দেশ দিয়েছেন। বুয়েটের এক্সিডেন্ট রিচার্স ইন্সস্টিটিউটের সাবেক পরিচালক অধ্যাপক সামসুল হক বলছিলেন সপ্তাহ দুই/এক পরই ঈদুল আযহাকে সামনে রেখে মাহসড়কে চাপ কয়েকগুন বেড়ে যাবে। কোন উৎসবের সময় হলেই এডহক ভিত্তিতে কিছু ব্যবস্থা নেওয়া হয় সেটা টেকসই সমাধান নয় বলে তিনি মনে করেন, (স্বকণ্ঠে) ঃ মহাসড়কের উপরে যে সবজায়গায় বিশেষ করে সংস্কার দরকার এই মুহুর্তে যেখানে অত্যাধিক চাপ, পাশাপাশি বর্ষার সিজন। এই অবস্থায় আবার কোন মেইনটেনেন্স দেয়া যাবে না। সুতরাং যা করবে তারা অত্যন্ত অস্থায়ী ভিত্তিতে কিছু একটা করার চেষ্টা হবে। এডহক ভিত্তিতে অনেকটা যখন যেটা দরকার হচ্ছে অর্থাৎ কোনরকম ইভেন্টটাকে পার করে দেয়া। এটার একটা টেকসই সমাধান সুন্দরভাবে দেয়া যায় সেটার পেছনে কিন্তু আমরা কখনও যাচ্ছি না।

বর্ষা মৌসুমে রাস্তা ক্ষতিগ্রস্ত হলে সেটা তাৎক্ষনিকভাবে সংস্কারের ব্যবস্থা সরকারের রয়েছে। কিন্তু দেশের বিভিন্ন এলাকায় মহাসড়কে এবার ব্যাপক ক্ষতির পরও সংস্কার করা হচ্ছে না বলে অভিযোগ উঠছে। অধ্যাপক সামছুল হক বলছিলেন সমস্যা কোথা থেকে হচ্ছে সেই মূল জায়গায় সমাধানের ব্যাপারে নজর দেয়া হচ্ছে না, (স্বকণ্ঠে) আমাদের মহাসড়ক এবং আঞ্চলিক সড়ক প্রায় ২২০০ কিলোমিটারের মতো আছে আরকি। আসলে সড়ক, মহাসড়ক বিশেষ করে বর্ষার সময় বেশ নাজুক অবস্থায় চলে আসছে। সামনে ঈদ আসছে এটা একটা বিরাট হেডেক হবে সেটা বুঝা যাচ্ছে।

তবে, সড়ক পরিবহন এবং সেতু মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব বেলায়েত হোসেন বলছিলেন মন্ত্রী ১০ দিনের মধ্যে সারাদেশের মহাসড়ক সংস্কারের যে নির্দেশ দিয়েছেন সেটা সম্ভব বলে তিনি মনে করেন। এছাড়াও তিনি বলেছেন মহাসড়কের পরিস্থিতি নিয়ে যেভাবে অভিযোগ তোলা হচ্ছে সেটা সঠিক নয়, (স্বকণ্ঠে) ঃ যেভাবে অভিযোগ তোলা হচ্ছে তা ঐভাবে সঠিক নয়, কিছু কিছু ভালো আছে। আঞ্চলিক মহাসড়ক যেগুলোর অনেক জায়গায় খারাপ আছে সেগুলো ১০ দিনের মধ্যে মেরামত করা সম্ভব। এই কর্মকর্তা আরও দাবি করেছেন সারাদেশের মহাসড়কের সমস্যার স্থায়ী সমাধানের ব্যাপারে তারা ইতিমধ্যেই বিভিন্ন প্রকল্প হাতে নিয়েছে। এখন শুস্ক মৌসুমে তারা সেই কাজগুলো শুরু করবেন।
(বিবিসি: ১৯:৩০ ঘ: ০৯/০৮/১৭ প্রতীক/কুহিনূর)

বাংলাদেশে আদিবাসী দিবস উদযাপিত

বাংলাদেশের ক্ষুদ্র নৃ-গোষ্ঠীগুলোর বিভিন্ন সংগঠন আজ আন্তর্জাতিক আদিবাসী দিবস উদযাপন করছে। ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং আদিবাসীদের স্বতন্ত্র সাংস্কৃতিক পরিচয়ের স্বীকৃতি হিসাবে ১৯৯৪ সাল থেকে প্রতি বছর ৯ই আগস্ট আদিবাসী দিবস হিসাবে জাতিসংঘ এই দিনটি পালন করে। যদিও সরকারিভাবে দিবসটি এখনও বাংলাদেশে পালন করা হয় না। এই দেশে আলাদা কোন আদিবাসী রয়েছে বলে বাংলাদেশের সরকার মনে করে না। সরকারের এই অবস্থান সত্ত্বেও নিজেরা আদিবাসী দিবস উদযাপন করে কী উদ্দেশ্য অর্জন করতে চাইছে ক্ষুদ্র এই ন-গোষ্ঠীগুলো, ঢাকা থেকে সাইদুল ইসলামের রিপোর্ট :

আমি এসেছি ঢাকার কেন্দ্রীয় শহীদ মিনারে। আন্তর্জাতিক আদিবাসী দিবস উপলক্ষে এখানে সমবেত হয়েছেন বাংলাদেশের বিভিন্ন নৃ-গোষ্ঠীর বাসিন্দারা। উন্মুক্ত মঞ্চে তারা তাদের নিজস্ব কৃষ্টি, সংস্কৃতির নানা অনুষ্ঠানের মাধ্যমে তুলে ধরছেন। এখানে আসা বেশীর ভাগেই তাদের নিজস্ব সংস্কৃতির পোশাক পরে এসেছেন। আবার কাউকে কাউকে দেখতে পাচ্ছি বাঙ্গালী ঢঙ্গে শাড়ী বা সেলোয়ার-কামিজ অথবা পশ্চিমা পোশাক পরা। এই সমাবেশে যারা অংশ নিয়েছেন তাদের মধ্যে বাংলাদেশে বসবাসকারী সব নৃ-গোষ্ঠীর সদস্যরাই রয়েছেন। যে দিবসটি সরকারিভাবে গ্রহন করা হচ্ছে না সেই আন্তর্জাতিক আদিবাসী দিবস উদযাপনের মাধ্যমে তারা কী অর্জন করতে চাইছেন।

বাংলাদেশের আদিবাসীর সঙ্গা নিয়ে সরকার এবং গোষ্ঠীগুলোর মধ্যে যত ভিন্নতা রয়েছে। বাংলাদেশের সরকার মনে করে বাঙ্গালীরা অনেক আগে থেকেই এই ভূখন্ডে বসবাস করে আসছে। তাই এখানে আলাদা কোন আদিবাসী নেই এবং বাঙ্গালী ছাড়া অন্য জাতি গোষ্ঠীগুলোকে ক্ষুদ্র নৃ-গোষ্ঠী বলে বর্ণনা করা হচ্ছে। যদিও তারা নিজেদের এই পরিচয় মানতে রাজী নয়।

এই অনুষ্ঠানে এসেছিলেন বাংলাদেশ সরকারের একজন মন্ত্রী ও শরীক দলের নেতা রাশেদ খান মেনন। তিনি বলছেন ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর পরিচয় নির্ধারণের ব্যাপারে প্রথম থেকেই তিনি বিরোধীতা করে আসছেন।
মি. মেনন : আমি এর বিরোধীতা করছি আজকেও আমি এর বিরোধীতা করি।
এখন এসব জাতিগোষ্ঠীর অনেককেই চাকরি, পড়াশোনাসহ নানা কারণে ঢাকা, চট্টগ্রামসহ দেশের বড় শহরগুলোয় ঠিকানা করেছেন। তাদের সংখ্যাগরিষ্ঠ প্রতিবেশী বাঙ্গালীদের ভীড়ে নিজেদের সংস্কৃতি ও ভাষা কতটা ধরে রাখতে পারছেন। জিজ্ঞেস করেছিলাম কয়েক জনকে।
জৈনক ব্যক্তি- ১ : যেহেতু তারা আমাদের রীতিনীতি এখন দেখছে না, দেখতে পাচ্ছে না আমাদের ঐ রকম চর্চা নাই সেহেতু অন্য যে কালচারগুলো দেখছে স্বাভাবিকভাবে ঐগুলো গ্রহন করছে। ভাষার কথা যদি আমরা বলি ভাষা তো একদম ব্যবহার হচ্ছে না বললেই চলে। বাইরে বের হলেই বাংলা ভাষা ব্যবহার করতে হয়।
জৈনক ব্যাক্তি- ২ : ঢাকায় আমরা থাকি। আমাদের যে ঐতিহ্যবাহী খাবারগুলো আছে সেগুলো নিয়মিত খেতে পারি না। যখন আমরা বাড়িতে যাই তখন নিয়ে আসি। ঢাকায় আসলে এটি কঠিন। আমাদের এলাকায় যেভাবে চর্চা করা হয় সেইভাবে করা ঢাকায় কঠিন। সমাবেশে যারা এসেছেন তাদের পোশাক এবং ভাষার ভিন্নতা থাকলেও একটি ব্যাপারে তারা সবাই আশাবাদী সময় তাদের খানিকটা পাল্টে দিলেও তাদের জাতিগত পরিচয় আর বৈচিত্র ভবিষ্যতেও অক্ষুণ্ন থাকবে।
(বিবিসি: ১৯:৩০ ঘ: ০৯/০৮/১৭ কবির/কুহিনূর)

৭০ বছর আগে ভারত ভাগ নিয়ে বিবিসি'র বিশেষ প্রতিবেদন

উপমহাদেশের ইতিহাসে সব থেকে গুরুত্বপূর্ণ ঘটনাগুলোর একটি ভারতের স্বাধীনতা আর দেশ ভাগের সত্তর বছর পালিত হচ্ছে এখন। ভারত আর পাকিস্তানের বহু মানুষের কাছে যেমন আনন্দ উদযাপনের, তেমনি লক্ষ লক্ষ বাঙ্গালী আর পাকিস্তানীদের কাছে ভিটেমাটি ছেড়ে নতুন দেশে পাড়ি জমানোর সত্তর বছরও এটা। দেশ ভাগের পরে প্রথম নয় বছরে পূর্ববঙ্গ থেকে ভারতে চলে গিয়েছিল ২১ লাখেরও বেশি মানুষ সেসব বাঙ্গালী উদ্বাস্তুদের অনেকেরই দীর্ঘ জীবন সংগ্রাম শেষ হয়েছে এতগুলো দশকে কিন্তু তাদের পরবর্তী প্রজন্ম ঐ সাত দশকে হয়ে উঠেছে পুরোপুরি ভারতীয়।
কলকাতায় বিবিসি'র সংবাদদাতা অমিতাভ ভট্টশালীর বিশেষ প্রতিবেদন।
পাকিস্তান আর ভারত স্বাধীন হবার দুদিন পরে যে রেডলিফ লাইন টানার ফলে উপমহাদেশের মানচিত্র চিরতরে পাল্টে গিয়েছিল তাতে একদিকে যেমন কোটি কোটি মানুষ নিজেদের দেশ পেয়ে আনন্দে মাতোয়ারা হয়ে উঠেছিলেন তেমনি লক্ষ লক্ষ মানুষকে সেদিন হারাতে হয়েছিল নিজের দেশ নিজের ভিটে। এই আগস্ট মাস যেমন কোটি কোটি মানুষের কাছে যেমন স্বাধীনতার সত্তর বছর তেমনি লক্ষ লক্ষ পরিবারের কাছে দেশ ছেড়ে চলে আসার ছিন্নমূল হওয়ারও সাত দশক এটা। এতগুলো বছর পেরিয়ে পূর্ববঙ্গ আর তারপরে পূর্ব পাকিস্তানের নিজেদের ভিটেমাটি ছেড়ে চলে এসেছিল যেসব হিন্দু পরিবার তারা এখন পুরোপুরি ভারতীয়ই হয়ে গেছেন। কিন্তু প্রথম প্রজন্মের উদ্বাস্তুদের অনেকেরই এখনো ছবির মত মনে রয়ে গেছে ফেলে আসা দেশের কথা। ভিটের কথা। ৭০ বছর আগে যে সময়ে সারা ভারতে চলেছিল স্বাধীনতা পাওয়ার আনন্দ ও উদ্দিপনা সে সময় পূর্ববঙ্গের নানা জেলায় শুরু হয়েছিল অনিশ্চয়তা আর অশান্তি। নতুন গড়ে উঠা সীমান্ত পেরিয়ে সদ্যস্বাধীন হওয়া ভারতে আসার পরে বেশির ভাগেরই ঠাঁই হয়েছিল কলকাতার শিয়ালদা স্টেশনে। গবেষকদের সংগৃহীত তথ্য বলছে দেশ স্বাধীন হওয়ার পরে প্রথম নয় বছরেই প্রায় ২১ লাখ মানুষ চলে এসেছিলেন ভারতে। লোকে লোকারণ্য স্টেশন চত্বরে তখন হাজার হাজার মানুষের সংসার। এনিয়ে তখন কোলকাতা গান্ধি নামক একটি ছবিও তৈরী করেছিলেন পরিচালক ঋত্বিক ঘটক। শিয়ালদহ স্টেশন থেকে কেউ চলে যেতেন আত্মীয় স্বজনের বাসায় কেউ জায়গা খুঁজতে বেরুতেন কোলকাতার উপকণ্ঠে জমি জবরদখল করে গড়ে ওঠা কলোনীগুলোতে। যাদের কোথাও যাবার জায়গা ছিলনা তাদের ট্রাকে করে পাঠানো হত বিভিন্ন শরণার্থী শিবিরে সপরিবারে থাকার জন্য যেমন তৈরী হয়েছিল নদীয়ার কুপার্স ক্যাম্প বা ধুবুলিয়ার মত বহু শিবির মেনি একাকী নারী আর তাদের শিশু সন্তানদের জন্য ছিল আলাদা শিবির। রিফিউজি কলোনী বা শরণার্তী শিবিরগুলোর পতনের পরে কেটে গেছে অনেকগুলো বছর। এক সময়ের হোগলিবন আর জলাজঙ্গলের ভরা কলোনীগুলো এখন দেখেও বোঝার উপায় নেই যে কি ছিল সেখানে। পুরনো উদ্বাস্তু কলোনীগুলো এখন ঢুকে পড়েছে খাস কোলকাতা শহরে। এলাকার নাম থেকে বাদ পড়েছে কলোনী শব্দটা। নতুন দেশে এসে কিভাবে মিশে গিয়েছিলেন পূর্ব বাংলার উদ্বাস্তুরা। সেই প্রক্রিয়ার সাক্ষী থেকেছেন দক্ষিণ কোলকাতার দ্বিতীয় প্রজন্মের বাঙ্গালী মুহিত রায়। তিনি বলছিলেন কলোনী নামটি এখন আর নাই। সবাই আধুনিক বাড়ি ঘর করে ফেলেছেন। তার একটি বড় কারণ হল এই অঞ্চলে যারা এসে থেকেছে তারা সবাই মূলত: বর্ণ হিন্দু। ফলে তাদের সবার শিক্ষার প্রতি অনুরক্ত ছিল কারণ সবাই জানত যে তাদের পড়াশোনা করে মানুষ হওয়া ছাড়া কোন উপায় ছিল না। ফলে কলকাতা এবং চারপাশের উদ্বাস্তু কলোনীতে ১০০ শতাংশ শিক্ষিত। এটা একটা বিরাট কাজ করেছে। সবাই কিন্তু এখন চাকরি করে প্রতিষ্ঠিত । যেহেতু অনেক চেষ্টা করে তাদের নিজেদের ভারতীয় হতে হয়েছে তাই উদ্বাস্তুদের বর্তমান প্রজন্ম আর বিশেষ আলোচনা দেশ ভাগ নিয়ে বা মনে রাখতে চায়না ছিন্নমূল হয়ে আসার পরে তাদের পূর্ব পুরুষদের লড়াইয়ের কথা।(বিবিসি: ০৬:৩০ ঘ.১০/০৮/১৭ আছাদ/হেলাল)

বহুদেশে অনুসৃত হচ্ছে ডাক্তার সায়েরা আক্তারের বিজ্ঞানসম্মত পদ্ধতি

সন্তান জন্ম দিতে গিয়ে রক্তক্ষরণে প্রসূতির মৃত্যু এখনও উন্নয়নশীল বিশ্বে বড় একটি সমস্যা। আজ থেকে ১৪ বছর আগে অত্যন্ত অল্প খরচে সহজ একটি পদ্ধতিতে এ রক্তক্ষরণ বন্ধের বিজ্ঞানসম্মত উপায় বাতলে দিয়েছিলেন বাংলাদেশের চিকিৎসক

ডাক্তার সায়েরা আক্তার। ক্যাথিটার দিয়ে একটি কনডম প্রসূতির জরায়ুর ভিতরে ঢুকিয়ে তা বাতাস দিয়ে ফুলিয়ে রক্ত বন্ধ করে। তার আবিস্কৃত এই পদ্ধতি এখন বিশ্বের বহু দেশে অনুসৃত হচ্ছে। ২০০৩ সালের পর থেকে বিশ্বের অনেক শীর্ষ সারির মেডিকেল জার্নালে তার এই গবেষণা পত্রটি ছাপা হয়েছে। আন্তর্জাতিক পুরস্কারও তিনি পেয়েছেন এর জন্য। এই পদ্ধতি নিয়ে ভাষণ ও প্রশিক্ষণ দিতে তিনি এখন ইন্দোনেশিয়ায় রয়েছেন। কিছুক্ষণ আগে টেলিফোনে কথা বলেছি তার সাথে তিনি আমাকে বলছিলেন যে, ২০০০ সালে ঢাকা মেডিকেল কলেজের গাইনি বিভাগের প্রধান হিসেবে কাজ করার সময় কীভাবে তিনি প্রথম এই পদ্ধতি প্রয়োগ করেছিলেন।

সায়েরা আক্তার :ওটিতে গিয়ে শুনলাম একজন রোগীর ইউট্রাস ফেলে দিবে। কারণ তার অনেক ব্লিডিং হচ্ছে, বন্ধ করা যাচ্ছে না। আমি ডাক্তারদের অপেক্ষা করতে বলেছিলাম যে, আগে আমি একটু দেখি। আমি কনডম জোগাড় করে রোগীকে দিলাম। তখন কিন্তু সবকিছু রেডি ছিল ওরা ইউট্রাসটা ফেলে দিবে। সে একেবারে অল্পবয়সী একটা মেয়ে এবং তার প্রথম বাচ্চা। আমি কনডমটা ক্যাথিটারের সাথে বেঁধে ইউট্রাসের মধ্যে ঢুকিয়ে ওটা স্যালাইন দিয়ে ফুলিয়ে দিলাম তখন মিনিটের ভিতর ব্লিডিং বন্ধ হয়ে গেলো। তখন আমি ভাবলাম যে, এই জিনিসটা আমার স্টাডি করে দেখা উচিত। ২০০১ সাল থেকে স্টাডি শুরু করলাম এবং ২৩টা রোগীর উপর আমরা করলাম। এভাবে যখন আমরা দেখলাম যে আমরা ২৩টা রোগীর জীবন সেফ করতে পারলাম এবং কোন রকম অসুবিধা হল না। আল্লাহর রহমতে কোন রকম কমপ্লিকেশনও হয়নি একটা রোগীরও। তখন আমরা ২০০৩ সালে ওটা পাবলিস্ট করলাম।

বিবিসি: কখন থেকে এই আসলে প্রাতিষ্ঠানিকভাবে এটা গৃহীত হয়েছে?

সায়েরা আক্তার : ২০০৩ সাল থেকে। ওটা আমাদের ন্যাশনাল গাইডলাইনে চলে এসছে।

বিবিসি: এই যে ১৪ বছর চলে গেছে। কীভাবে এটা ইমপ্যাক্ট ফেলেছে, প্রসূতির মৃত্যুর হার কমাতে কতটুকু এটা কার্যকর হয়েছে?

সায়েরা আক্তার : যেহেতু ন্যাশনাল গাইডলাইনে এটা চলে এসছে সেহেতু দেশের সব হাসপাতালেই প্রাকটিস হচ্ছে । এটি যে শুধু মায়ের মৃত্যু কমাচ্ছে তা কিন্তু না। এই যে ইউট্রাস ফেলে দিচ্ছিল, এরকম অনেক মায়ের কিন্তু তাদের রিপ্রডাকটিভ হচ্ছে। ইউট্রাস ফেলে দিলে প্রডাকটিভ লাইফের উপর একটা বিরাট প্রভাব ফেলে।

বিবিসি: কোন পরিসংখ্যান দিতে পারেন যে, ২০০৪ এর আগে যে মাতৃমৃত্যুর হার ছিল সন্তান জন্ম দিতে গিয়ে সেই তুলনায় কতটা কমেছে এই পদ্ধতি আসার পরে?

সায়েরা আক্তার : হার ছিল ৩২০। এখন সেটা কমে এসেছে ১৭০এ।

বিবিসি: এই পদ্ধতির একটা কন্ট্রিবিউশন সেখানে আছে?

সায়েরা আক্তার : অবশ্যই আছে।

বিবিসি: আমরা জানি যে, এখন অনেক দেশে এই পদ্ধতি অনুসরণ করা হচ্ছে। কতগুলো দেশে আপনি জানেন?

সায়েরা আক্তার : অনেক দেশেই হচ্ছে। ২০০৫ সালে এটা ইন্টারন্যাশনাল জার্নালে আসে। ২০১০ সালে একটা রিভিউ আর্টিকেল আসে।

বিবিসি: অর্থাৎ এটি এখন সর্বসম্মত এবং গৃহীত একটি পদ্ধতি?

সায়েরা আক্তর : ২০১১ সালের রয়্যাল পলি অব সেভিংস গাইনি আমাকে ওদের হাইয়েস্ট এওয়ার্ড দেয়। ফেলোস ওনারারিস্ট এওয়ার্ড। এটা বাংলাদেশে একমাত্র আমিই পেয়েছি।

বিবিসি: পৃথিবীর কতগুলো দেশে এই পদ্ধতি অনুসৃত হচ্ছে?

সায়েরা আক্তার : ইন্দোনেশিয়ার সব জায়গায় এই পদ্ধতি ব্যবহৃত হচ্ছে। নেপালে, ইন্ডিয়াতে, পাকিস্তানে ট্রেনিং দিয়েছি।

(বিবিসি: ২২:৩০ ঘ.০৯/০৮/১৭ এলিনা/হেলাল)

প্রতিবছরের মত এবারও লাখ লাখ মুসল্লি হজ পালনে সৌদি যাচ্ছেন

বাংলাদেশ থেকে প্রতিবছর যে হাজার হাজার মানুষ সৌদি আরবে হজ ব্রত পালন করতে যান, তাদের একটি বিরাট অংশই সারাজীবনের উপার্জন থেকে অল্প অল্প করে সঞ্চয় করেন। আর বেশিরভাগেরই থাকে না কোন বিদেশ যাবার পূর্বঅভিজ্ঞতা। এবছরও বহু বাংলাদেশির হজ যাত্রা নিয়ে যে বিড়ম্বনার খবর আছে, তাদেরও অধিকাংশই এরকম বাংলাদেশী মধ্যবিত্ত যারা প্রায় সারাটি জীবন ধরে আর্থিক, মানসিক ও শারীরিক প্রস্তুতি নিয়েছেন। ঢাকার ধনিয়া এলাকায় একটি বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক মো. রাশেদুল হাসান। তিনি এবার হজে যাচ্ছেন। তিনিও বহুবছর ধরে হজ যাত্রার প্রস্তুতি নিয়েছেন। সংবাদদাতা আহরার হোসেন তার কাছে শুরুতেই জানতে চেয়েছিলেন যে তার হজ যাত্রায় কত অর্থ ব্যয় হচ্ছে।

মি. ইসলাম: হজ উপলক্ষ্যে আড়াই লক্ষ টাকা ওখানে দিয়েছি। আর সত্তর হাজার টাকা সাথে নিলাম।

বিবিসি: আপনি এই যে আড়াই লক্ষ টাকা দিয়ে হজে যাচ্ছেন এবং আরো আনুষাঙ্গিক খরচাপাতি আছে। এটা কী আপনার জন্য খুব সহজ ছিল, এই টাকাটা গোছানো?

মি. ইসলাম: এটা সহজ ছিল না। দীর্ঘসময় ধরে আমি সঞ্চয় করেছি, এজন্য খুব একটা বেগ পেতে হয়নি। আমি যে ইনকাম করি সেখান থেকে প্রতিমাসে একহাজার দুইহাজার টাকা যখন যেভাবে পেরেছি টাকাটা যোগাড় করেছি। আমার আব্বার ইচ্ছা

ছিল হজে যাওয়ার, কিন্তু শেষ পর্যন্ত উনি একলাখ টাকা মাত্র যোগাড় করতে পেরেছিলেন এবং শেষ পর্যন্ত শারীরিক অসুস্থতার জন্য আর হজে যেতে পারেননি। সেখান থেকেই আমার হজে যাওয়ার একটা ইচ্ছা।

বিবিসি: আপনি হজে যাবেন আপনার পাসপোর্ট ভিসা সবকিছু ঠিকঠাক এখন আপনার কেমন লাগছে?

মি. ইসলাম: আমি কখনো দেশের বাইরে যাইনি। এখন একটা অন্যরকম লাগছে। এখন এক ধরনের ইমোশন কাজ করছে। আমাদের জন্য দোয়া করবেন।(বিবিসি: ০৬৩০ ঘ. ১০-০৮-১৭ খালেদা/সজীব)

রেডিও তেহরান

মামলার ভয়ে বিদেশে পালিয়ে গেছেন খালেদা জিয়া: খাদ্যমন্ত্রী

দুর্নীতির দুই মামলায় বাংলাদেশের সাবেক প্রধানমন্ত্রী ও বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়াকে স্থায়ী জামিন দিয়েছেন হাইকোর্ট। এদিকে, খাদ্যমন্ত্রী কামরুল ইসলাম বলেছেন খালেদা জিয়া মামলার ভয়ে বিদেশে চলে গেছেন। বিস্তারিত ঢাকা থেকে আমাদের প্রতিনিধি আব্দুর রহমান খানের প্রতিবেদন:

বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার বিরুদ্ধে দায়েরকৃত জিয়া এতিমখানা ট্রাস্ট দুর্নীতির মামলায় নয় বছর আগের দেয়া রুলের শুনানি করে তাকে স্থায়ী জামিন দিয়েছেন হাইকোর্ট। বিচারপতি এম এনায়েতুর রহিম ও বিচারপতি শহীদুল করিমের হাইকোর্ট বেঞ্চ বুধবার ২০০৮ সালের একটি রুল যথাযথ ঘোষণা করে এই রায় দেন। খালেদা জিয়া নিম্ন আদালত থেকে এই মামলায় জামিনেই রয়েছেন। এদিকে, খাদ্যমন্ত্রী অ্যাডভোকেট কামরুল ইসলাম গতকাল এক আলোচনা সভায় বলেছেন, কখন কোন মামলায় রায় হয়ে যায় তা নিয়ে খালেদা জিয়ার মনে ভয় কাজ করছে। তিনি বহু কারণ দেখিয়ে মামলায় কারণ পরিবর্তন করেছেন। আদালত আর তারিখ পরিবর্তন করবে না ভেবে ভয়ে তিনি বিদেশে চলে গেছেন। খাদ্যমন্ত্রী আরও বলেন, খালেদা জিয়া আগামী নির্বাচন বানচাল করার জন্য ষড়যন্ত্র করছেন। তিনি বুঝে গেছেন তার পরাজয়ের কথা। তিন এখন পাকিস্তানী গোয়েন্দা সংস্থা আই.এস.আই'র সঙ্গে যোগাযোগ করছেন কিন্তু এতে কোন লাভ হবে না।

(রেডিও তেহরান : ২০৩৫ ঘ. ০৯/০৮/১৭ আছাদ/নারগীস)

সরকার দৈত্যে পরিণত হয়ে দেশের সব কিছু ধ্বংস করে দিচ্ছেন : মির্জা ফখরুল

বাংলাদেশে বর্তমান সরকার বিচার বিভাগকে প্রতিপক্ষ বানিয়েছে বলে অভিযোগ করেছেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। তিনি তার ভাষায় বলেছেন, সরকার দৈত্যে পরিণত হয়েছেন, যেটি সব কিছু ধ্বংস করে দিচ্ছে। আজ সকালে ঢাকা জেলা জজ কোর্ট মিলনায়তনে ঢাকা বার অ্যাসোসিয়েশনের উদ্যোগে বিএনপি'র প্রাথমিক সদস্য পদ সংগ্রহ ও নবায়ন কর্মসূচিতে দেয়া বক্তব্যে তিনি এ মন্তব্য করেন। মির্জা ফখরুল আইনজীবীদের উদ্দেশ্যে বলেন, দেশ কীভাবে চলছে, কীভাবে দেশের শাসন ব্যবস্থাকে ধ্বংস করা হচ্ছে তা বোঝার জন্য ষোড়শ সংশোধনী বাতিলের রায়ই যথেষ্ট।

(রেডিও তেহরান :২০৩৫ ঘ. ০৯/০৮/১৭ আছাদ/নারগীস)

ভয়েস অফ আমেরিকা

বাংলাদেশ বিমানের দু'টি হজ ফ্লাইট বাতিল

বাংলাদেশ থেকে হজে যাচ্ছেন এমন যাত্রীর প্রায় অর্ধেক সংখ্যকই সৌদি ভিসা না পাওয়ায় বাংলাদেশ বিমান তাদের দু'টি হজ ফ্লাইট বাতিল করেছে। ঢাকা থেকে আমির খসরুর বার্তা :

আগামী দু'দিনে বিমানের আরও তিনটি হজ ফ্লাইট বাতিলের সম্ভাবনার কথা জানিয়েছেন কর্মকর্তারা। বাংলাদেশ বিমানের ব্যবস্থাপনা পরিচালক বুধবার সাংবাদিকদের জানিয়েছেন, এ পর্যন্ত হজ ফ্লাইট বাতিলে নয় হাজার আটশত সাতাশিজন হজযাত্রীর যাত্রা ব্যাহত হয়েছে এবং চল্লিশ কোটি টাকার আর্থিক ক্ষতির মুখে পড়েছে। ঢাকার আশকোনার হজ ক্যাম্পে অবস্থানরত হজযাত্রীরা তাদের হজযাত্রার ব্যাপারে এখনও অনিশ্চিত অবস্থায় রয়েছেন। এদিকে, হজযাত্রায় নানা দুর্ভোগের কারণে সৌদি কর্তৃপক্ষ বাংলাদেশকে আরও চৌদ্দটি হজ ফ্লাইট চলাচলের অনুমতি দিয়েছে।

(ভোয়া: ২২০০ ঘ.০৯-০৮-১৭ফারুক/সজীব)

দু'টি দুর্নীতি মামলায় খালেদা জিয়াকে স্থায়ী জামিন দিয়েছেন হাইকোর্ট

বাংলাদেশে বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়াকে হাইকোর্ট জিয়া অরফানেজ ট্রাস্ট ও জিয়া চ্যারিটেবল ট্রাস্ট দুর্নীতি মামলায় স্থায়ী জামিন দিয়েছেন। মতিউর রহমান চৌধুরীর বার্তা :

আদালতে খালেদা জিয়ার পক্ষে শুনানি করেন জ্যেষ্ঠ আইনজীবী এ.জে মো. আলী, ব্যারিস্টার জাকির হোসেন ভূইয়া ও এইচএম কামরুজ্জামান। দুদকের পক্ষে শুনানি করেন আইনজীবী খোরশেদ আলম খান। খালেদা জিয়ার আইনজীবী জাকির হোসেন ভূইয়া সাংবাদিকদের বলেন, অরফানেজ ট্রাস্ট মামলায় ইতোপূর্বে জামিন বিষয়ে রুল ছিল। সেই রুল নিষ্পত্তি করে স্থায়ী জামিন দেন হাইকোর্ট। অপরদিকে, চ্যারিটেবল ট্রাস্ট মামলায় তাকে স্থায়ী জামিন দেয়া হয়। ২০০৮ সালের ৩রা জুলাই রমনা থানায় জিয়া অরফানেজ ট্রাস্ট দুর্নীতি মামলা দায়ের করে দুর্নীতি দমন কমিশন। এতিমের সহায়তা করার উদ্দেশ্যে একটি বিদেশী ব্যাংক থেকে আসা দুই কোটি দশ লাখ একাত্তর হাজার ছয়শ' একাত্তর টাকা আত্মসাত করার অভিযোগ এনে এ মামলা দায়ের করা হয়। এ মামলায় খালেদা জিয়া ও তার বড় ছেলে তারেক রহমানসহ আসামী মোট ছয়জন। ২০১০ সালে

৮ই আগস্ট জিয়া চ্যাটিবেল ট্রাস্টের নামে অবৈধভাবে অর্থ লেনদেনের অভিযোগ এনে খালেদা জিয়াসহ চারজনের নামে তেজগাঁও থানায় দুর্নীতির মামলা করেন দুর্নীতি দমন কমিশনের সহকারী পরিচালক হারুনুর রশিদ।
(ভোয়া: ২২০০ ঘ. ০৯-০৮-১৭ ফারুক/সজীব)

রেডিও জাপান

চীনের সিচুয়ান প্রদেশে ৭ মাত্রার ভূমিকম্পে ঊনিশজনের প্রাণহানি

দক্ষিণ-পশ্চিম চীনের এক জনপ্রিয় পর্যটন কেন্দ্রে আঘাত হানা ৭ মাত্রার ভূমিকম্পে মৃতের সংখ্যা উনিশে গিয়ে দাঁড়িয়েছে। উদ্ধার কর্মকাণ্ড এখন পুরোদমে চলছে। চীনের রাষ্ট্র পরিচালিত সংবাদ সংস্থা সিনহুয়া জানিয়েছে যে, দুইশ' সাতচল্লিশজন আহত হয়েছে। চীনের ভূমিকম্প প্রশাসন জানিয়েছে যে, সিচুয়ান প্রদেশের জিউ সাইগোতে গতকাল সন্ধ্যাবেলা আঘাত হানা ভূমিকম্পের উৎপত্তিস্থল ছিল ভূ-পৃষ্ঠের কুড়ি কিলোমিটার গভীরে। ভূমিকম্প পরবর্তী কম্পন উপেক্ষা করে উদ্ধারকর্মীরা আজ ধ্বংসাবশেষের তলায় আটকে থাকা লোকজনকে উদ্ধার করেন। কাদা ধসের ফলে বিচ্ছিন্ন হয়ে পড়া রাস্তাঘাট পরিষ্কার করার কাজেও তারা নিয়োজিত ছিলেন। কমিউনিস্ট পার্টির সাথে সংশ্লিষ্টতা থাকা গ্লোবাল টাইমসের ইন্টারের সংস্করণে ভূমিধসের ছবি ছাপা হয়। জিউছাইগো জাতিসংঘ সংস্থা ইউনেস্কোর বিশ্ব ঐতিহ্যবাহী স্থানের তালিকায় অন্তর্ভুক্ত। গ্রীষ্ম ও শর'কালে এটি খুব জনপ্রিয় পর্যটন কেন্দ্র। ভূমিকম্প আঘাত হানার সময় পঁয়ত্রিশ হাজারেরও বেশি পর্যটক সেখানে ছিলেন বলে জানা গেছে। ভূমিকম্পে ক্ষয়ক্ষতির পরিমাণ এখনও জানা যায়নি। তবে, স্থানীয় প্রশাসন বলছে যে নিরাপত্তার কারণে আজ থেকে এলাকাটিকে পর্যটকদের জন্য বন্ধ রাখা হবে। (রে. জাপান: ২১০০ ঘ. ০৯-০৮-১৭ এলিনা/সজীব)

রেডিও এবিসি

নারায়ণগঞ্জে শিশু রমজান হত্যায় তিনজনের যাবজ্জীবন কারাদণ্ড

নারায়ণগঞ্জের সিদ্ধিরগঞ্জে শিশু রমজান শিকদারকে অপহরণের পরে হত্যার দায়ে তিন আসামীকে যাবজীবন কারাদণ্ড ও পঞ্চাশ হাজার টাকা জরিমানা করেছেন আদালত। বুধবার অতিরিক্ত জেলা এবং দায়রা জজ ১ নম্বর আদালতের বিচারক মিয়াজী শহীদুল আলম চৌধুরী এই রায় দেন। (রেডিও এবিসি:১৫:০০ ঘ. ০৯/০৮/১৭সাইফুর/আহমেদ)

জালিয়াতির অভিযোগে পাঁচজন আটক

জালিয়াতির মাধ্যমে মাস্টার কার্ড ইস্যু এবং তা বিক্রির অভিযোগে পাঁচ ব্যক্তিকে গ্রেফতার করেছে পুলিশের অপরাধ তদন্ত বিভাগ সিআইডি। মঙ্গলবার রাজধানী থেকে তাদের গ্রেফতার করা হয়।
(রেডিও এবিসি:১৫:০০ঘ.০৯/০৮/১৭ সাইফুর/আহমেদ)

আবু হেনা মোস্তফা কামালকে প্রত্যাহার করা হয়েছে

সিরাজগঞ্জে সড়ক ও জনপদ বিভাগের নির্বাহী প্রকৌশলী আবু হেনা মোস্তফা কামালকে প্রত্যাহার করা হয়েছে। একই সঙ্গে রাজশাহী অঞ্চলের অতিরিক্ত প্রধান প্রকৌশলী আবু রওশন ও পাবনার তত্ত্বাবধায়ক প্রকৌশলী মোঃ হাবিবুর রহমানকে কারণ দর্শানোর নোটিশ দেয়া হয়েছে। সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বুধবার বিকেলে হাটিকুমরুল গোল চত্বরে পরিদর্শনে গিয়ে নির্বাহী প্রকৌশলীকে বলেন, সাড়ে ছয় কোটি টাকা কী করেছ এই কথা বলে তাৎক্ষণিকভাবে নির্বাহী প্রকৌশলী আবু হেনা মোস্তফা কামালকে প্রত্যাহার ও অন্য দু'জনকে কারণ দর্শানোর নোটিশ দেয়ার নির্দেশ দেন।
(রেডিও এবিসি: ১৮:০০ ঘ. ০৯/০৮/১৭প্রতীক/আহমেদ)

বিএনপি অবৈধ হয়ে যেতে পারে: হাসান মাহামুদ

আওয়ামীলীগের প্রচার সম্পাদক হাসান মাহামুদ বলেছেন, পঞ্চম সংশোধনীর রায়ের একটি ধারা অনুযায়ী বিএনপি অবৈধ হয়ে যেতে পারে। তাই ষোড়শ সংশোধনী নিয়ে বিএনপি'র লাফালাফির কিছু নেই।
(রেডিও এবিসি: ১৮:০০ ঘ. ০৯/০৮/১৭ প্রতীক/আহমেদ)

৪০ কোটি টাকার রাজস্ব আয় থেকে বঞ্চিত হয়েছে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স

হজ ফ্লাইট বাতিল হওয়ায় গত ১৭দিনে ৪০ কোটি টাকার রাজস্ব আয় থেকে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স বঞ্চিত হয়েছে। বুধবার বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের প্রধান কার্যালয়ে সংবাদ সম্মেলনে সংস্থাটির ব্যবস্থাপনা পরিচালক মোসাদ্দেক আহম্মেদ এই তথ্য জানান। (রেডিও এবিসি: ১৮:০০ ঘ. ০৯/০৮/১৭ প্রতীক/আহমেদ)

রেডিও টুডে

আজও দু'টি হজ ফ্লাইট বাতিল করা হয়েছে

পর্যাপ্ত সংখ্যক হজ যাত্রী না পাওয়ায় আজ বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের আরও দু'টি হজ ফ্লাইট বাতিল করা হয়েছে। এ নিয়ে এ পর্যন্ত ঊনিশটি হজ ফ্লাইট বাতিল হ'ল। ফলে ৯৮৮৬ জন হজ যাত্রী সৌদি আরবে যেতে পারেনি। দুপুরে ঢাকা হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর সংলগ্ন বিমানের প্রধান কার্যালয়ে আয়োজিত সাংবাদিক সম্মেলনে বিমানের প্রধান নির্বাহী কর্মকর্তা এ.এম. মোছাদ্দেক আহমেদ এই তথ্য জানিয়ে বলেন, সঙ্কট উত্তোরণে সৌদি এয়ারলাইন্সের কাছে চৌদ্দটি অতিরিক্ত শ্লট চাওয়া হয়েছে। (রেডিও টুডে : ১৩:৪৫ঘ.০৯/০৮/১৭ সাইফুর/আহমেদ)

দুর্নীতি মামলায় খালেদা জিয়ার স্থায়ী জামিন দিয়েছেন হাইকোর্ট

জিয়া চ্যারিটেবল ট্রাস্ট ও জিয়া অরফানেজ ট্রাস্ট দুর্নীতি মামলায় বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার স্থায়ী জামিন মঞ্জুর করেছেন আদালত। জিয়া অরফানেজ ট্রাস্ট দুর্নীতি মামলায় পূর্বের জারি করা রুল এবং জিয়া চ্যারিটেবল ট্রাস্ট দুর্নীতি মামলায় তার জামিনের বিরুদ্ধে দুদকের করা আবেদন নিস্পত্তি করে আজ এ আদেশ দিলেন বিচারপতি এম.এনায়েতুর রহিমের নেতৃত্বাধীন হাইকোর্টের একটি দ্বৈতবেঞ্চ। পরে বিএনপি চেয়ারপারসনের আইনজীবী অ্যাডভোকেট জয়নুল আবেদীন বলেছেন, সম্প্রতি বিদেশে চিকিৎসা নিতে যাওয়ার কারণে খালেদা জিয়ার জামিন বাতিল প্রশ্নে যেসব আলোচনা-সমালোচনা চলছিল এর মাধ্যমে তার নিরসন হ'ল। (রেডিও টুডে : ১৩:৪৫ঘ.০৯/০৮/১৭ সাইফুর/আহমেদ)

৩১ কোটি ১৮ লাখ টাকা আত্মসাতের অভিযোগে দুদকের মামলা

সোস্যাল ইসলামী ব্যাংকের বগুড়া শাখা থেকে ৩১ কোটি ১৮ লাখ টাকারও বেশি আত্মসাতের অভিযোগে ঐ শাখার সাবেক ম্যানেজার রফিকুল ইসলামসহ নয়জনের বিরুদ্ধে অভিযোগপত্র দাখিল করেছে দুর্নীতি দমন কমিশন দুদক। সকালে সেখানকার একটি আদালতে এ অভিযোগপত্র দেন দুদকের বগুড়া সম্বলিত জেলার উপ-পরিচালক আনোয়ারুল হক। অভিযোগপত্রে বলা হয়েছে, সবচেয়ে বেশি প্রায় ১৭ কোটি টাকা আত্মসাত করেছেন সহোদর ব্যবসায়ী জহুরুল হক ও এনামুল হক। এছাড়া, ব্যবসায়ী আখতার হোসেন ৯ কোটি ও মাকছুদুল আলম আত্মসাত করেছে আরও প্রায় ৬ কোটি টাকা। ব্যাংক কর্মকর্তাদের সহযোগিতায় ভুয়া হিসাব খুলে অবৈধ লেনদেন করে ঐ পরিমাণ অর্থ আত্মসাতের ঘটনা ঘটে ২০০৮ থেকে ২০১১ সালের নভেম্বরের মধ্যে। এ ঘটনায় ২০১২ সালে মামলা করেন ঐ ব্যাংকের কর্মকর্তা শফিকুল ইসলাম।
(রেডিও টুডে : ১৩:৪৫ঘ. ০৯/০৮/১৭ সাইফুর/আহমেদ)

সরকার বিচার বিভাগের প্রতিপক্ষ হিসেবে অবস্থান নিয়েছে: মির্জা ফখরুল ইসলাম আলমগীর

সরকার পরিকল্পিতভাবে বিচার বিভাগের প্রতিপক্ষ হিসেবে অবস্থান নিয়েছে বলে মন্তব্য করেছেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। সংবিধানের ষোড়শ সংবিধান সংশোধনী বাতিলের রায়কে ঐতিহাসিক দলিল আখ্যা দিয়ে তিনি বলেন, এই রায়ে এদেশের রাজনীতির প্রকৃত চিত্র ফুটে উঠেছে। দেশের ১৬ কোটি মানুষ এই রায়ের পক্ষে বলেও দাবি করেন তিনি। সকালে ঢাকার বার অ্যাসোসিয়েশন মিলনায়তনে জাতীয়তাবাদী আইনজীবী ফোরাম আয়োজিত বিএনপি'র সদস্য সংগ্রহ কর্মসূচির উদ্বোধন অনুষ্ঠানে তিনি একথা বলেন। (রেডিও টুডে : ১৩:৪৫ঘ.০৯/০৮/১৭সাইফুর/আহমেদ)

প্রধানমন্ত্রীর সভাপতিত্বে একনেকের সভায় ১১টি প্রকল্পের অনুমোদন

৯ হাজার ৭শত ৬১ কোটি ২৪ লাখ টাকা ব্যয়ে মোট ১১টি প্রকল্পের অনুমোদন দিয়েছে জাতীয় অর্থনীতি পরিষদের নির্বাহী কমিটি একনেক। যার মধ্যে চট্টগ্রাম শহরের জলাবদ্ধতা নিরসনে খাল পূর্ণ খনন, সম্প্রসারণ, সংস্কার ও উন্নয়নের জন্য ব্যয় নির্ধারণ করা হয়েছে ৫ হাজার ৬শত ১৬ কোটি টাকা। দুপুরে রাজধানীর শেরেবাংলা নগরে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে একনেকের সভায় প্রকল্পগুলোর অনুমোদন দেয়া হয়। বৈঠক শেষে পরিকল্পনা কমিশনের সভাকক্ষে এক সাংবাদিক সম্মেলনে একথা জানান পরিকল্পনা মন্ত্রী আ.হ.ম. মোস্তফা কামাল। (রেডিও টুডে : ১৩:৪৫ঘ. ০৯/০৮/১৭সাইফুর/আহমেদ)

টাম্পাকে অগ্নিকাণ্ডের একটি তদন্ত রিপোর্ট দিয়েছে পুলিশ: স্বরাষ্ট্রমন্ত্রী

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল বলেছেন, টাম্পাকো অগ্নিকাণ্ডের ঘটনায় দু'টি তদন্ত হয়েছে, যার মধ্যে একটির রিপোর্ট দিয়েছে পুলিশ। দুপুরে গাজীপুরের টঙ্গিতে টাম্পাকো ফয়েলস কারখানার নতুন ভবনের ভিত্তি প্রস্থর স্থাপন অনুষ্ঠানে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। গত বছরের ১০ই সেপ্টেম্বর টাম্পাকো ফয়েলস কারখানার অগ্নিকাণ্ডে ৬১জনের প্রাণহানির এ ঘটনায় পুলিশ ও নিহতদের স্বজনদের পক্ষ থেকে দু'টি মামলা দায়ের করা হয়।
(রেডিও টুডে : ১৩:৪৫ঘ.০৯/০৮/১৭ সাইফুর/আহমেদ)

নোয়াখালীতে নার্সিং ইন্সটিটিউটের অন্ততঃ ৪০জন ছাত্রী রাতের খাবার খেয়ে অসুস্থ্য

নোয়াখালী নার্সিং ইন্সটিটিউটের অন্ততঃ ৪০জন ছাত্রী রাতের খাবার খেয়ে অসুস্থ্য হয়ে পড়েছে। এর মধ্যে ২৭জনকে নোয়াখালী জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে। তাদের সবাই প্রথম বর্ষের শিক্ষার্থী। নোয়াখালী জেনারেল হাসপাতালের তত্ত্বাবধায়ক ডা. আ.ন.ম. শামছুল করিম জানান, নার্সিং ইন্সটিটিউটের আবাসিক হলের কয়েকজন ছাত্রী মঙ্গলবার রাতের খাবার খাওয়ার পর অসুস্থ্য হয়ে পড়েন ও সকাল পর্যন্ত অসুস্থ্য হয় অন্ততঃ ৪০জন ছাত্রী। এর মধ্যে ২৭জনকে নোয়াখালী জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে বাকীদের প্রাথমিক চিকিৎসার পর আবাসিক হলে পাঠিয়ে দেয়া হয়। রাতের খাবার পানি অথবা অন্য কোন কারণে এই সমস্যা হতে পারে বলে জানান তিনি। এ ব্যাপারে তিন সদস্যের তদন্ত কমিটি গঠন করা হয়েছে। (রেডিও টুডে : ১৩:৪৫ঘ. ০৯/০৮/১৭ সাইফুর/আহমেদ)

হবিগঞ্জে সড়ক দুর্ঘটনায় দু'জন নিহত

হবিগঞ্জের বাহুবল উপজেলায় ট্রাকের সঙ্গে পিকআপ ভ্যানের মুখোমুখি সংঘর্ষে পিকআপ ভ্যানের চালক ও তার সহকারী নিহত হয়েছেন। সায়েস্তাগঞ্জ হাইওয়ে থানা পুলিশ জানিয়েছে, ভোর ৫টার দিকে উপজেলার দুবাইর বাজারের কাছে সিলেটগামী সিমেন্ট বোঝাই একটি ট্রাকের সাথে বিপরীত দিক থেকে আসা একটি পিকআপ ভ্যানের সংঘর্ষ হয়। লাশ দু'টি সায়েস্তাগঞ্জ হাইওয়ে থানায় রাখা হয়েছে বলে জানান তিনি। (রেডিও টুডে : ১৩:৪৫ঘ. ০৯/০৮/১৭ সাইফুর/আহমেদ)

বিএনপি বিচার বিভাগকে আওয়ামীলীগের প্রতিপক্ষ বানাতে চায়: আবদুল মতিন খসরু

সংবিধানের ষোড়শ সংশোধন বাতিলের রায়ে আদালতের কয়েকটি পর্যবেক্ষণকে অনভিপ্রেত ও অনাকাঙ্ক্ষিত বলে মন্তব্য করেছে ক্ষমতাসীন আওয়ামীলীগ। বিকেলে রাজধানীর ধানমণ্ডিতে আওয়ামীলীগ সভাপতির কার্যালয়ে এ বিষয়ে আনুষ্ঠানিক সাংবাদিক সম্মেলনে এই কথা বলেন, দলের সভাপতি মন্ডলীর সদস্য ও সাবেক আইনমন্ত্রী আবদুল মতিন খসরু। বিএনপি বিচার বিভাগকে আওয়ামীলীগের প্রতিপক্ষ বানাতে চায় বলেও মন্তব্য করেন তিনি।
(রেডিও টুডে: ১৮:৪৫ ঘ.০৯/০৮/১৭প্রতীক/আহমেদ)

এই প্রথম রায় সামরিক শাসনের পক্ষে গেল: খায়রুল হক

সংবিধানের ষোড়শ সংশোধনী বাতিলের রায়ে জাতীয় সংসদকে ইমম্যাচিউড বলা ঠিক হয়নি বলে মন্তব্য করেছেন আইন কমিশনের চেয়ারম্যান ও সাবেক প্রধান বিচারপতি এ.বি.এম. খায়রুল হক। তিনি বলেন, রায়ের মূল বিষয়কে এড়িয়ে অপ্রাসঙ্গিক বিষয়ে পর্যবেক্ষণ দেয়া হয়েছে। বিকেলে ল' কমিশনে নিজ কার্যালয়ে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে তিনি আরও বলেন, এই প্রথম রায় সামরিক শাসনের পক্ষে গেল। (রেডিও টুডে: ১৮:৪৫ ঘ. ০৯/০৮/১৭ প্রতীক/আহমেদ)

প্রধান ঈদ জামাত অনুষ্ঠিত হবে সকাল ৮টায়

আসন্ন ঈদুল আযহার প্রধান ঈদ জামাত অনুষ্ঠিত হবে সকাল ৮টায় জাতীয় ঈদগাহ ময়দানে। আর আবহাওয়া অনুকূলে না থাকলে জাতীয় মসজিদ বায়তুল মোকাররমে প্রধান জামাত অনুষ্ঠিত হবে। দুপুরে সচিবালয়ে আন্তঃমন্ত্রণালয় এর বৈঠকের পর সাংবাদিকদের এই তথ্য জানান ধর্মমন্ত্রী অধ্যক্ষ মতিউর রহমান। (রেডিও টুডে: ১৮:৪৫ ঘ. ০৯/০৮/১৭ প্রতীক/আহমেদ)

বাংলাদেশে নানান আয়োজনে পালিত হয়েছে বিশ্ব আদিবাসী দিবস

সংবিধান সংশোধনীর মাধ্যমে ক্ষুদ্র নৃ-গোষ্ঠীদের আদিবাসী হিসেবে স্বীকৃতি প্রদান এবং ভূমিসহ অন্যান্য অধিকার নিশ্চিত করার দাবি জানানোর মধ্যদিয়ে বিশ্বের অন্যান্য দেশের মত বাংলাদেশেও আজ নানা আয়োজনে পালিত হয়েছে বিশ্ব আদিবাসী দিবস। এই বছর দিবসটির প্রতিপাদ্য নির্ধারণ করা হয় জাতিসংঘ আদিবাসী অধিকার বিষয়ক ঘোষণাপত্রের এক দশক। এই উপলক্ষে সকালে রাজধানীর ঢাকায় কেন্দ্রীয় শহীদ মিনারে সমাবেশ, র‍্যালি ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। এই সময় আদিবাসী ফোরামের সভাপতি সন্তু লারমা অভিযোগ করেন, আদিবাসীদের অধিকার প্রদানে সরকার তার প্রতিশ্রুতি অনুযায়ী কাজ করছে না।(রেডিও টুডে: ১৮:৪৫ ঘ.০৯/০৮/১৭ প্রতীক/আহমেদ)

যাত্রী সঙ্কটের কারণে হজ ফ্লাইট বাতিল হওয়ায় এ পর্যন্ত বিমান ৪০ কোটি টাকার রাজস্ব হারিয়েছে

যাত্র সঙ্কটের কারণে হজ ফ্লাইট বাতিল হওয়ায় এ পর্যন্ত বিমান ৪০ কোটি টাকার রাজস্ব হারিয়েছে বলে জানিয়েছেন বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের প্রধান নির্বাহী কর্মকর্তা এ এম মোসাদ্দেক আহমেদ। গতকাল দুপুরে বিমানের বরাকা কার্যালয়ে এক সাংবাদিক সম্মেলনে তিনি আরও বলেন,এ অবস্থা অব্যাহত থাকলে পরিস্থিতি নিয়ন্ত্রণের বাইরে চলে যেতে পারে। তবে, হজ ক্যাম্পের পরিচালক সাইদুল ইসলাম জানিয়েছেন, পরিস্থিতি যাই হোক শেষ পর্যন্ত তারা সবাইকে হজে পাঠানোর বিষয়ে আশাবাদী। (রে. টুডে : ০৮:৪৫ ঘ: ১০/০৮/২০১৭ খালেদা/হেলাল)

বরিশালসহ দক্ষিণ অঞ্চলের ছয় জেলার ৩৮টি রুটে অনির্দিষ্টকালে বাস ধর্মঘট চলছে

দুই দফা দাবিতে বরিশালসহ দক্ষিণ অঞ্চলের ছয় জেলার ৩৮টি রুটে অনির্দিষ্টকালের বাস ধর্মঘট চলছে। স্থানীয় মিনিবাস মালিক সমিতির ডাকে ভোর ছয়টা থেকে এই ধর্মঘট শুরু হয়েছে। বরিশাল পটুয়াখালী মিনিবাস মালিক সমিতির সভাপতির উপর হামলার ঘটনায় মামলা না নেয়া এবং মহাসড়কে থ্রি হুইলার যান চলাচল বন্ধের দাবিতে এই ধর্মঘট ডেকেছে মিনিবাস মালিক সমিতি।(রে. টুডে :০৮:৪৫ ঘ: ১০/০৮/২০১৭ খালেদা/হেলাল)

নোয়াখালীর সুবর্ণচরে চোর সন্দেহে গণপিটুনিতে চারজন নিহত

নোয়াখালীর সুবর্ণচরে চোর সন্দেহে গণপিটুনিতে চারজন নিহত হয়েছেন। স্থানীয়দের দাবী নিহতরা সবাই গরু চোর। তবে, তাদের নাম ও পরিচয় জানা যায়নি। আজ ভোরে উপজেলার চরযুবলী ইউনিয়নের কচ্ছপ্রিয়া গ্রামে এই ঘটনা ঘটে। চারজব্বার থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা নিজাম উদ্দিন জানান খবর পেয়ে পুলিশ ঘটনাস্থল থেকে নিহতদের মরদেহ এবং আহত অবস্থায় দুইজনকে উদ্ধার করে থানায় নিয়ে এসেছে। পরে আহতদেরকে চিকিৎসার জন্য নোয়াখালী জেনারেল হাসপাতালে পাঠানো হয়। (রে. টুডে : ০৮:৪৫ ঘ: ১০/০৮/২০১৭ খালেদা/হেলাল)

নাটোরে যাত্রীবাহী বাস ও পিকআপ ভ্যানের মুখোমুখি সংঘর্ষে দুইজন নিহত

নাটোরে যাত্রীবাহী বাস ও পিকআপ ভ্যানের মুখোমুখি সংঘর্ষে রেজাউল করিম ও রাজন নামে দুইজন নিহত হয়েছেন। আজ ভোরে নাটোর রাজশাহী মহাসড়কের একঢালা এলাকায় এই ঘটনা ঘটে। নিহতদের বাড়ী রাজশাহী জেলার পুটিয়া উপজেলার কৃষ্ণপুর গ্রামে। এই ঘটনায় বাস ড্রাইভারসহ বেশ কয়েকজন আহত হয়েছেন। যাদের মধ্যে আশঙ্কাজনক অবস্থায় দুইজনকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে।(রে. টুডে :০৮:৪৫ ঘ:১০/০৮/২০১৭খালেদা/হেলাল)

বর্তমান সংসদকে ইমম্যাচিউড বলায় ক্ষুব্ধ হয়েছি : তোফায়েল আহমেদ

রাজধানীতে এক অনুষ্ঠানে বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ বলেন, রায়ে বর্তমান সংসদকে ইমম্যাচিউড বলায় ক্ষুব্ধ হয়েছি, ব্যথিত হয়েছি। (রে. টুডে: ০৮৪৫ ঘ. ১০-০৮-১৭ এলিনা/সজীব)

বাংলাদেশ এখন আর জনগণের প্রজাতন্ত্র নয় বরং বিচারকদের প্রজাতন্ত্রে পরিণত হয়েছে: খায়রুল হক

সংবিধানের ষোড়শ সংশোধনী বাতিলের রায় অগণতান্ত্রিক ও উদ্দেশ্যপ্রণোদিত বলে মন্তব্য করেছেন সাবেক প্রধান বিচারপতি ও আইন কমিশনের চেয়ারম্যান এবিএম খায়রুল হক। বর্তমান সংসদকে অকার্যকর বলায় এর কঠোর সমালোচনা করে তিনি বলেন, মনে হচ্ছে বাংলাদেশ এখন আর জনগণের প্রজাতন্ত্র নয় বরং এটা বিচারকদের প্রজাতন্ত্রে পরিণত হয়েছে। গতকাল বিকেলে ল'কমিশনে নিজ কার্যালয়ে এক সাংবাদিক সম্মেলনে সাবেক এই প্রধান বিচারপতি বলেন, রায়ে সাংবিধানিক অপব্যাখ্যার পাশাপাশি মূল বিষয়কে এড়িয়ে অপ্রাসঙ্গিক বিষয়ে পর্যবেক্ষণ দেয়া হয়েছে।

(রে. টুডে: ০৮৪৫ ঘ. ১০-০৮-১৭ এলিনা/সজীব)

জামালপুরে লেভেল ক্রসিংয়ে ট্রেনের ধাক্কায় ছয়জন নিহত

জামালপুরের চন্দ্র লেভেল ক্রসিংয়ে বুধবার সন্ধ্যায় ট্রেনের ধাক্কায় চালকসহ ব্যাটরিচালিত অটোরিকশার ছয় আরোহী নিহত হয়েছেন। স্থানীয় কম্বোপুর এলাকার বাসিন্দা আহত গুলবক্সকে আশঙ্কাজনক অবস্থায় ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। জামালপুর থেকে দেওয়ানগঞ্জের উদ্দেশ্যে ছেড়ে যাওয়া লোকাল ট্রেনটি সদর উপজেলার চন্দ্র রেলক্রসিংয়ে সন্ধ্যা ছ'টার দিকে যাত্রীবাহী অটোরিকশাটিকে ধাক্কা দেয়। এতে হতাহতের এই ঘটনা ঘটে। গতরাতে টেলিফোনে রেডিও টুডের সাথে আলাপকালে ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন, জামালপুর রেলওয়ে থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা নাসেরুল ইসলাম মজুমদার। (রে. টুডে: ০৮৪৫ ঘ. ১০-০৮-১৭এলিনা/সজীব)

:: সমাপ্ত ::